# বোয়ালমারী পৌরসভা কার্যালয়
## বোয়ালমারী, ফরিদপুর।

প্রাপক ঃ জনাব ------------------------------------------

সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন (অতিরিক্ত স্থায়ী কমিটি) কমিটি,
বোয়ালমারী পৌরসভা।

বিষয় ঃ "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন (অতিরিক্ত স্থায়ী কমিটি) কমিটি" এর সভায় অংশ গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ জুন ২০২৬খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকার সময় বোয়ালমারী পৌরসভার কার্যালয়ের সভাকক্ষে **"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন (অতিরিক্ত স্থায়ী কমিটি) কমিটি'র"** সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

<u>আলোচ্য সূচিঃ</u>

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। PRAP বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত আলোচনা।
৩। কর্মমূখী প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।
৪। বিবিধ।

(কারিজুল ইসলাম)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন
(অতিরিক্ত স্থায়ী কমিটি) ও
উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,
বোয়ালমারী, ফরিদপুর।

CamScanner

# বোয়ালমারী পৌরসভা কার্যালয়

## বোয়ালমারী, ফরিদপুর।

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাঃ**

**সভার তারিখ ঃ** ১৬/০৬/২০২৬ খ্রিঃ, **সভার সময় ঃ** সকাল ১০.৩০ ঘটিকা।

**সভার স্থান ঃ** পৌর সভাকক্ষ।

**সভার সভাপতি ঃ** কারিজুল ইসলাম, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।

সভাপতি সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

১। **আলোচ্য বিষয় ঃ** PRAP বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত আলোচনা

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভাপতি জনাব কারিজুল ইসলাম এ বিষয়ে পৌরসভার গৃহীত পদক্ষেপ সম্বন্ধে জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা সভাকে জানান যে, এ প্রান্তিকে দারিদ্র ব্যক্তিবর্গকে চিকিৎসা, স্বল্প পূজি সহায়তা ও বিবাহের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। তিনি আরও বলেন, গত জানুয়ারী-মার্চ/২৬ কোয়ার্টারে PRAP বিষয়ে মোট ২,৮৯,৫৫০০/- টাকা খরচ করা হয়েছে। বিভিন্ন বিল ভাউচার পরীক্ষান্তে উক্ত ব্যয় সঠিক আছে মর্মে কমিটির মত প্রকাশ সহ উক্ত ব্যয় অনুমোদন করা হয়। এ প্রসঙ্গে সভাপতি মহোয়দ কমিটির সুপারিশ মোতাবেক চিকিৎসা সহায়তার পাশাপাশি আর্থিক স্বচ্ছলতার জন্য বিশেষ করে গরীব মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সাহায্য এবং বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদানের ধারা অব্যাহত রাখার অনুরোধ করেন।

২। **আলোচ্য বিষয় ঃ** কর্মমূখী প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** এ বিষয়ে আলোচনা শুরু হলে বোয়ালমারী পৌরসভা দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব কারিজুল ইসলাম বলেন যে, ০৯ টি ওয়ার্ড থেকে হতদরিদ্র চিহ্নিত করে তাদের তালিকা তৈরী করে বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষনের মাধ্যমে তাদের স্বাবলম্বী করে গড়ে তুলতে পারলে এবং বিগত সময়ে যাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে তাদের নিয়মিত পর্যালোচনা করলে বোয়ালমারী পৌরসভা একটি ক্ষুধা ও দারিদ্র মুক্ত পৌরসভা হিসাবে আত্ম প্রকাশ করবে। উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে সকলেই একমত পোষন করেন এবং কর্মমূখি প্রশিক্ষণ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১৬/০৬/২৬

(কারিজুল ইসলাম)<br>
সভাপতি<br>
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি) ও উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।

CamScanner

# বোয়ালমারী পৌরসভা কার্যালয়
## বোয়ালমারী, ফরিদপুর।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন (অতিরিক্ত স্থায়ী কমিটি) কমিটির সভায় উপস্থিত সদস্য গণের স্বাক্ষরঃ

স্থান ঃ পৌরসভার কার্যালয়। তারিখ ঃ- ১৬/০৬/২০২৫খ্রিঃ

| ক্রমনং | নাম | পরিচিতি | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | কারিজুল ইসলাম | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সভাপতি | |
| ২। | পূর্নেন্দু সাহা | উপজেলা প্রকৌশলী, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৩। | ডাঃ মুহাম্মদ নাজমুল হাসান | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৪। | মোঃ আনোয়ার হোসেন | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৫। | কাজী দেলোয়ার হোসেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৬। | মোছাঃ রানুয়া বেগম | স্বামীঃ মোঃ বাদশা শেখ, গ্রামঃ ছোলনা, বোয়ালমারী ফরিদপুর। (দরিদ্র শ্রেনীর প্রতিনিধি নারী)। | সদস্য | রানুয়া |
| ৭। | মোঃ আমির হোসেন বাবলু | পিতাঃ আঃ গফুর মোল্যা, গ্রামঃ ছোলনা, বোয়ালমারী, ফরিদপুর। | সদস্য | |
| ৮। | মোল্লা মোঃ শফিকুল ইসলাম | নির্বাহী প্রকৌশলী, বোয়ালমারী পৌরসভা। | সদস্য | |
| ৯। | মনিরুজ্জামান শিকদার | পৌর নির্বাহী কর্মকর্তা, বোয়ালমারী পৌরসভা। | কো-অপ্ট সদস্য | |
| ১০। | মোসাঃ আজমিরী খাতুন | সমাজ উন্নয়ন কর্মকর্তা, বোয়ালমারী পৌরসভা। | সদস্য-সচিব | |



CamScanner